

কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তর
ঢাকা ইন্স্যুরেন্স ভবন (২য়-৬ষ্ঠ তলা)
৭১, পুরানা পল্টন লাইন, ঢাকা-১০০০।
www.agriaudit.org.bd

নং- ৮২.১৮.০০০০.০০১.০৪৩.৪১১.২২-৫২৩

মহাপরিচালক
বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট
জয়দেবপুর, গাজীপুর।


বিষয়: বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর ২০২০-২০২১ অর্থবছরের কমপ্লায়েন্স নিরীক্ষা পরিদর্শন প্রতিবেদন (AIR) জারি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট এর ২০২০-২০২১ অর্থবছরের সার্বিক কার্যাবলির উপর কমপ্লায়েন্স অডিট কার্যক্রম ২৬/০৩/২০২২ হতে ১৯/০৪/২০২২ খ্রি. পর্যন্ত সম্পন্ন করা হয়। আলোচ্য নিরীক্ষা পরিদর্শন প্রতিবেদন (AIR) এ মোট উত্থাপিত ১৮টি অনুল্লেখের মধ্যে অনুল্লেখ নং- ০১ হতে ০৭ = ৭টি অনুল্লেখকে Serious Financial Irregularities (SFI) এবং অনুল্লেখ নং-০৮ হতে ১৮= ১১ টি অনুল্লেখকে Non-SFI হিসেবে চিহ্নিত করা হয়েছে।

২। এ প্রতিবেদন প্রাপ্তির তারিখ হতে ০৩ (তিন) সপ্তাহের মধ্যে SFI অনুল্লেখসমূহের জবাব মন্ত্রণালয়ের মন্তব্যসহ এবং Non-SFI অনুল্লেখসমূহের জবাব সরাসরি মহাপরিচালক, কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তর, ঢাকা বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে।

সংযুক্তি: ১। প্রতিবেদন (৫৮) পাতা।



(মোঃ ইবনে সাঈদ)

উপপরিচালক

সেক্টর-১

ফোন : ০২-৪৮৩১৬৮৫৬

নং- ৮২.১৮.০০০০.০০১.০৪৩.৪১১.২২-৫২৩

তারিখ: ০৭/০৬/২০২২ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলোঃ

১। বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল, কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়,
অডিট ভবন, ৭৭/৭ কাকরাইল, ঢাকা-১০০০।

[দৃষ্টি আকর্ষণঃ ডেপুটি কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এএন্ডআর)]

২। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। উপপরিচালক, সেক্টর-০৬ (রিপোর্ট শাখা)।

৪। পিএ টু মহাপরিচালক/পরিচালক, কৃষি ও পরিবেশ অডিট অধিদপ্তর, ঢাকা।

৫। অফিস কপি/

৬। গার্ড ফাইল।

(মোঃ ইবনে সাঈদ)

উপপরিচালক

সেক্টর-১

ফোন : ০২-৪৮৩১৬৮৫৬

SFI অনুচ্ছেদসমূহ

ক্রঃ নং	শিরোনাম	জড়িত টাকা
১.	প্রকল্পের শেষ সময়ে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতীত আরডিপিপি বহির্ভূত আইটেমসহ আন্ত-অঙ্গ সমন্বয়ের মাধ্যমে অনিয়মিত ব্যয়।	৩,০৮,৯৩,১৩৭/-
২.	প্রাপ্য না হওয়া সত্ত্বেও নিয়মিত এবং অনিয়মিত শ্রমিকের “ওভার টাইম” বাবদ অনিয়মিত পরিশোধ।	১,৬৫,৯১,৩০০/-
৩.	চাহিদা ও বিতরণসংক্রান্ত রেকর্ডপত্র এবং প্রশাসনিক মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিরেকে প্রজনন (ব্রিডার) বীজ বিনামূল্যে বিতরণ দেখানোয় আর্থিক ক্ষতি।	৫৩,৭৯,৪৫০/-
৪.	ভ্রমণ ব্যয় নির্বাহের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়ের পরিপত্রের নির্দেশনা লঙ্ঘন করে ভ্রমণ ভাতা খাতে বরাদ্দের ৫০% এর অতিরিক্ত ব্যয় করায় সরকারের আর্থিক ক্ষতি।	৪,৯০,০০০/-
৫.	প্রশিক্ষণ ও প্রায়োগিক প্রদর্শনীর জন্য খামার যন্ত্রপাতি খাতে বরাদ্দ অপেক্ষা অতিরিক্ত অর্থ ব্যয় করায় সরকারের ক্ষতি।	৫১,৭০,০০০/-
৬.	ইনস্টিটিউটের হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত না করায় এবং চার্টার্ড একাউন্টেন্ট দ্বারা হিসাব নিরীক্ষা না করায় বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট আইন, ২০১৭ এর ধারা ১৫(১) ও ১৫(৪) এর লঙ্ঘন।	-
৭.	আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ লঙ্ঘন পূর্বক যানবাহন মেরামত বাবদ সীমিতরিক্ত ব্যয়।	২৩,৮৩,৩৭৫/-
	সর্বমোট=	৬,০৯,০৭,২৬২/-

কথায়ঃ ছয় কোটি নয় লক্ষ সাত হাজার দুইশত বাষটি টাকা।

NON-SFI অনুচ্ছেদসমূহ

ক্রঃ নং	শিরোনাম	জড়িত টাকা
৮.	পিপিআর, ২০০৮ এর শর্ত পরিপালন না করে সরাসরি নগদ ক্রয়ে নির্ধারিত সিলিং সীমার অতিরিক্ত অনিয়মিত ব্যয়।	৫৪,৬৭,৬৩৯/-
৯.	পিপিআর, ২০০৮ এর বিধি লঙ্ঘন করে নির্মাণ/পূর্ত কাজ উন্মুক্ত দরপত্র প্রক্রিয়ার পরিবর্তে সীমিত দরপত্র প্রক্রিয়ায় সম্পন্ন করায় অনিয়মিত ব্যয়।	২,৬৭,৬৭,২৩৫/-
১০.	আয়কর পরিশোধ না করায় ১,২৯,৩৫৩/-টাকা এবং কম কর্তন করায় ১,০৪,১৪০/-টাকাসহ মোট রাজস্ব ক্ষতি।	২,৩৩,৪৯৩/-
১১.	পিপিআর, ২০০৮ এর শর্ত পরিপালন না করে আরএফকিউ (RFQ) পদ্ধতিতে বাৎসরিক সিলিং সীমার অতিরিক্ত অনিয়মিত ব্যয়।	১৫,০৮,১৫৭
১২.	প্রশাসনিক/অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতীত সেমিনার/ওয়ার্কশপ বাবদ অনিয়মিত ব্যয়।	৫,০০,০০০/-
১৩.	পিপিআর, ২০০৮ এর শর্ত লংঘন করে উন্মুক্ত দরপত্র পদ্ধতি (ওটিএম) এর পরিবর্তে সরাসরি ক্রয় প্রক্রিয়া (ডিপিএম) অবলম্বন করে পণ্য সামগ্রি ক্রয় করায় অনিয়মিত ব্যয়।	২৪,০৫,৫৮২/-
১৪.	আউটসোর্সিং জনবলকে সার্ভিস বেনিফিট ও উৎসব ভাতা প্রদান করায় সরকারের আর্থিক ক্ষতি।	১,৭৬,৭২৬/-
১৫.	চুক্তিপত্রের শর্তানুযায়ী পণ্য সরবরাহে ব্যর্থ হওয়ায় পারফরমেন্স সিকিউরিটি বাতিল না করায় আর্থিক ক্ষতি।	৭৭,৪১৪/-
১৬.	পিপিআর, ২০০৮ লঙ্ঘনপূর্বক ন্যূনতম তিনজন রেসপনসিভ দরদাতা ছাড়াই আরএফকিউ এর মাধ্যমে পণ্য ক্রয় করায় অনিয়মিত ব্যয়।	১০,০৩,০০০/-
১৭.	আবাসিক বাসায় বসবাসকারীদের নিকট হতে পানির বিল ও পৌরকর আদায় না করায় আর্থিক ক্ষতি।	২,২৫,৩৬০/-
১৮.	বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুসরণ না করে উন্মুক্ত দরপত্র পদ্ধতির (ওটিএম) পরিবর্তে আরএফকিউ পদ্ধতিতে পণ্য ক্রয়ের ফলে অনিয়মিত ব্যয়।	১২,২৪,০০০/-
সর্বমোট=		৩,৯৫,৮৮,৬০৬/-

কথায়ঃ তিন কোটি পঁচানব্বই লক্ষ আটশি হাজার ছয়শত ছয় টাকা।